

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৪২

আগরতলা, ১৫ ডিসেম্বর, ২০২৩

উত্তর ত্রিপুরা জেলায় আগর প্রক্রিয়াকরণ কেন্দ্র পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু আজ সকালে ধর্মনগরে সীমান্ত সুরক্ষা বাহিনীর (বিএসএফ) ইয়াকুবনগরস্থিত বিওপি পরিদর্শন করেন। পরিদর্শনকালে বিওপিতে তাঁকে স্বাগত জানান বিএসএফ-এর ডিআইজি এম পি সিং ও ১৩৯ নং ব্যাটেলিয়নের কমান্ডার এ কে গুলেরিয়া। বিওপিতে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়। রাজ্যপাল বিএসএফ জওয়ান ও আধিকারিকদের সাথে মতবিনিময় করার সময় সীমান্ত সুরক্ষা সহ বিএসএফ-এর বিভিন্ন কাজের প্রশংসা করেন। বিএসএফ-এর আধিকারিকগণ রাজ্যপালকে সীমান্ত রক্ষায় তাদের ভূমিকার কথা তুলে ধরেন। তাছাড়াও বিওপিতে বিএসএফ-এর ব্যবহৃত বিভিন্ন অস্ত্রশস্ত্রও প্রদর্শন করা হয়। এর আগে রাজ্যপাল ধর্মনগর সুপার মার্কেটটিও পরিদর্শন করেন। সেই সময় রাজ্যপাল বাজারের ব্যবসায়ীদের সাথেও মতবিনিময় করেন। সেখানে রাজ্যপালকে স্বাগত জানান ধর্মনগর পুরপরিষদের চেয়ারপার্সন প্রদ্যুৎ দে সরকার।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু আজ কদমতলা ব্লকের ব্রজেন্দ্রনগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রও পরিদর্শন করেন এবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের বিভিন্ন পরিষেবার বিষয়ে অবগত হন। সেখানে তিনি হাসপাতালের রোগীদের সাথে মতবিনিময় করেন। এরপর তিনি ব্লকের ধুবিপাড়ায় জল জীবন মিশনে নিম্নীয়মান ইনোভেটিভ ওয়াটার সাপ্লাই প্ল্যান্টটি পরিদর্শন করেন। রাণীবাড়িস্থিত সংসঙ্গ উচ্চবিদ্যালয়ে বেটি বাঁচাও বেটি পড়াও কর্মসূচির সূচনা করে সেখানে চা বাগানের শ্রমিকদের হাতে জমির পাট্টা ও শংসাপত্র তুলে দেন। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু পরে কদমতলা ব্লকের কনফারেন্স হলে বিভিন্ন স্বসহায়ক দলের মহিলাদের সাথে মতবিনিময় করেন। এ উপলক্ষে আয়োজিত স্বসহায়ক দলগুলির উৎপাদিত পণ্যের প্রদর্শনী ঘুরে দেখেন। এছাড়াও তিনি ফুলবাড়ি গ্রাম পঞ্চায়েতে একটি আগর প্রক্রিয়াকরণ কেন্দ্র পরিদর্শন করেন। আগর প্রক্রিয়াকরণ কেন্দ্রগুলিকে পর্যটনকেন্দ্রের রূপ দেওয়া যায় কিনা তা খতিয়ে দেখতে রাজ্যপাল সংশ্লিষ্ট আধিকারিকদের পরামর্শ দেন। পরিদর্শনের সময় রাজ্যপালের সাথে ছিলেন রাজ্যপালের সচিব উত্তম কুমার চাকমা, উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন সহ পদস্থ আধিকারিকগণ।
